দৈনিক ইত্তেফাক

62

তারিখ ... JAN 0-3 2000 ...
পৃষ্ঠা 9 কলাম 6 .....

# এবতেদায়ী তৃতীয় শ্রেণীর বাংলা বইতে ভুল

বাংলাদেশ মদ্রাসা শিক্ষা বোর্ড কর্তৃক অনুমোদিত ১৯৯৯ শিক্ষাবর্ষের এবতেদায়ী তৃতীয় শ্রেণীর ছাত্র-ছাত্রীদের জন্য লিখিত 'বাংলা সহজ পাঠ' বইটি রচনা ও সংকলন করিয়াছেন ডঃ কাজী দীন মোহাম্মদ, ডঃ আবুল হাসান সামছুদ্দিন ও আকন্দ জসিম উদ্দিন। বইটির প্রথম লেখার শিরোনাম 'মহানবীর ছেলেবেলা'। লেখার শুরু এইরূপ– 'আজ থেকে প্রায় এক হাজার বছর আগের কথা। আরব দেশের অবস্থা তখন খুব খারাপ ছিল। সেখানকার মানুষরা তখন আল্লাহর পথে চলত না।' অত্র লেখায় 'প্রায় এক হাজার' বৎসর সময়ের কথা বলা হইয়াছে। অথচ আমাদের প্রিয় নবীর আবির্ভাবকাল হিসাব করিলে দেখা যায়, ১৪২০ বৎসর গত হইতে চলিয়াছে। অর্থাৎ উক্ত লেখার হিসাবমতে প্রায় ৪ শত ২০ বৎসরই বাদ দেওয়া হইয়াছে। এত বড় ভুল কিভাবে হইল, তাহা বোধগম্য নহে। কিন্তু যেভাবেই ভুলটি হইয়া থাকুক, তাহা যে শিক্ষার্থীদের ভুল শিখিতেই সাহায্য করিবে, ইহা বলাই বাহুল্য। আর তাই এই ভুল সংশোধন হওয়া একান্ত প্রয়োজন। এমতাবস্থায়, বইটির পরবর্তী সংস্করণে প্রয়োজনীয় সংশোধনের জন্য সংশ্লিষ্ট উর্ধ্বতন কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করিতেছি।

**হাফেজ মাওঃ মোঃ নজরুল ইসলাম,**
সুপার;
লাকসাম দৌলতগঞ্জ, এতিমখানা, লাকসাম,
কুমিল্লা।